

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা

নং- ৪৬.৩০.০০০০.০৬৭.৯৯.০৭৮.২৯-০৯৩

তারিখ- ০২/০৭/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম উন্নততর করণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সংক্রান্ত গত ২৩/০৩/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

০১।	সভাপতি	:	মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০২।	সভার তারিখ ও সময়	:	২৩/০৩/২০২১ খ্রিঃ, সময় ১২.০০ ঘটিকা।
০৩।	সভার স্থান	:	নগর ভবন, লেভেল-৮, নগর ভবনের সভা কক্ষ।
০৪।	সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

৫। আলোচনাঃ


সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিদ্যুৎ সার্কেল-কে অত্র কর্পোরেশনের ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম সম্পর্কিত বিভিন্ন তথ্য আলোকপাত করার জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, URP এর মাধ্যমে ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম উন্নততর করণের লক্ষ্যে কার্যক্রম চলমান থাকায় ২০১৭ সাল হতে ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেমের মালামাল ক্রয় বা মেরামত ও রক্ষনাবেক্ষনের জন্য বিদ্যুৎ সার্কেল হতে কোন অর্থ ব্যয় করা হয়নি। URP হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ব্যবহারের জন্য হাইতেরা ব্রান্ডের PD-988 মডেলের ৩২০টি VHF ওয়্যারলেস সেট বিদ্যুৎ সার্কেলের নিকট হস্তান্তর করা হয়েছে। বর্তমানে URP হতে UHF রিপিটার স্টেশনের মাধ্যমে নেটওয়ার্কিং কাজ বাস্তবায়ন চলমান রয়েছে। ফলে ওয়্যারলেস সেট ও নেটওয়ার্কিং এর ভিন্নতা থাকায় ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম এর মাধ্যমে মাঠ পর্যায়ের কাজ তদারকি করা সম্ভব হবেনা। এ পর্যায়ে URP Project এর ডিপিডি সভাকে অবহিত করেন যে, URP হতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের জন্য UHF নেটওয়ার্কিংসহ ৪০০টি UHF ওয়্যারলেস সেট এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের জন্য UHF নেটওয়ার্কিংসহ ৩২০টি VHF ওয়্যারলেস সেট ক্রয়ের ব্যবস্থা গ্রহন করা হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে ১৬০টি UHF ওয়্যারলেস সেট ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে সরবরাহ নিয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৬০টি VHF ওয়্যারলেস সেট ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে সরবরাহ করা হলে উদ্ধৃত পরিস্থিতির সমাধান করা সহজ হবে। এক্ষেত্রে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সম্মতি পাওয়া গেলে বিটিআরসি এর মাধ্যমে বিষয়টি সমন্বয় করা হবে। সভায় উপস্থিত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ঢাকা শহরে ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম এর মাধ্যমে মাঠ পর্যায়ের কাজ তদারকির জন্য UHF নেটওয়ার্কিং ও UHF ওয়্যারলেস সেট ব্যবহার অত্যাবশ্যক। পরবর্তীতে প্রধান সম্পত্তি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম উন্নততর করণের মাধ্যমে মাঠ পর্যায়ের কাজ তদারকির জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে ১৬০টি UHF ওয়্যারলেস সেট সংগ্রহ করা সম্ভব না হলে, প্রয়োজনে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বর্নিত মালামাল ক্রয়ের ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

৬.০০। সিদ্ধান্তঃ

ক্রমিক	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে ১৬০টি UHF ওয়্যারলেস সেট সংগ্রহপূর্বক এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন হতে ১৬০টি VHF ওয়্যারলেস সেট ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে প্রদানের জন্য পত্র প্রেরন করতে হবে।	প্রকৌশল বিভাগ, বিদ্যুৎ সার্কেল ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০২.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম উন্নততর করণ এবং আধুনিকায়নের জন্য প্রয়োজনীয় রিপিটার স্টেশনসহ নেটওয়ার্কিং এর যাবতীয় কাজ জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে।	প্রকল্প পরিচালক URP.

(অপর পাতায় দৃষ্টব্য)

৭.০০। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ সেলিম রেজা)

প্রধান নির্বাহী কর্মকর্তা

(অতিরিক্ত সচিব)

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

কার্যক্রম :

- ১। প্রকল্প পরিচালক, URP, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিদ্যুৎ সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। DPD, URP, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), বিদ্যুৎ সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। System Analyst, ICT cell, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৪। অফিস কপি/ফাইল কপি।